**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 14.08.2026** **Desk in Charge: Susmita M.**
**Time: 7-50 PM** **Edit & Compile: DSS**
**DEO: KB** **NRT:- DSS**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি -

বিশেষ বিশেষ খবর-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আমাদের ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা, স্বাধীনতার প্রতীক। দেশ ও বিদেশে বসবাসকারী প্রত্যেক ভারতীয়ই অত্যন্ত গর্বের সঙ্গে তা' উত্তোলন করেন। #৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে শ্রীমতী মুর্মু আরো বলেন, প্রত্যেক নাগরিক যাতে তাদের আশা আকাঙ্খা পূরণ করে প্রকৃত সুযোগের সদব্যবহার করতে পারে, তা' সুনিশ্চিত করাই স্বাধীনতার প্রকৃত অর্থ।

২/ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে দেশ এগিয়ে চলেছে এবং এই লক্ষ্য পূরণ করা সম্ভব হবে বলেও দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন রাষ্ট্রপতি। #সংবিধানকে দেশের মূল ভিত্তি হিসেবেও তিনি তাঁর ভাষণে উল্লেখ করেন।

৩/ ৮০-তম স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যসরকার আগামীকাল একাধিক কর্মসূচি গ্রহণ করেছে। #মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল সুন্দরবনের গোসাবায় জাতীয় পতাকা উত্তলন করবেন।

৪/ দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ এরাজ্যেও 'পার্টিশন হরর রিমেমব্র্যান্স ডে' বা 'দেশভাগের বিভীষিকা স্মৃতি দিবস' পালন করা হচ্ছে।

৫/ রাজ্য সরকারের 'কন্যারত্ন' প্রকল্পের আওতায় মেয়েদের পড়াশোনার জন্য আর্থিক সহায়তার পরিমাণ দ্বিগুণ করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন।

৬/ ১৬ই আগস্ট থেকে রাজ্যে শুরু হতে চলেছে আয়ুষ্মান ভারত প্রকল্প।

*****************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আমাদের ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা, স্বাধীনতার প্রতীক। দেশ ও বিদেশে বসবাসকারী প্রত্যেক ভারতীয়ই অত্যন্ত গর্বের সঙ্গে তা' উত্তোলন করেন। ৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি একথা বলেন।

( বাইট- তিরঙ্গা )

রাষ্ট্রপতি আরো বলেন, ১৯৪৭ সালের ১৫'ই আগস্ট ভারতমাতা পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হন, জন্ম নেয় স্বাধীন ভারত। প্রত্যেক নাগরিক যাতে তাদের আশা আকাঙ্খা পূরণ করে প্রকৃত সুযোগের সদব্যবহার করতে পারে, তা' সুনিশ্চিত করাই স্বাধীনতার প্রকৃত অর্থ। ভারতকে বিশ্বের অগ্রণী রাষ্ট্র হিসেবে গড়ে তোলার লক্ষ্য অর্জনেও তিনি সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

এই প্রসঙ্গে ছাত্র-ছাত্রী, শিক্ষক, বিজ্ঞানী, ইঞ্জিনিয়ার, চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও শ্রমিকদের ভূমিকার পাশাপাশি দেশ গঠনে 'অন্নদাতা' কৃষকদের উল্লেখযোগ্য অবদানের কথাও স্মরণ করেন তিনি।

এছাড়াও প্রশাসন ও বিচার বিভাগীয় আধিকারিকদের পাশাপাশি, সশস্ত্র বাহিনী, পুলিশ কর্মী, ক্রীড়াবিদ, বুদ্ধিজীবি, শিল্পী ও কারিগর, সমাজসেবী এবং সাফাই মিত্রদের অবদানের কথা'ও রাষ্ট্রপতি তার ভাষণে উল্লেখ করেন।

স্বাধীনতা লাভের শতবার্ষিকী অর্থাৎ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে দেশ এগিয়ে চলেছে এবং এই লক্ষ্য পূরণ করা সম্ভব হবে বলেও দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

স্বাধীনতা আন্দোলনে প্রতিটি ভারতবাসী, 'বন্দে মাতরম' স্তোত্র, পবিত্র মন্ত্র হিসেবে উচ্চারণ করতেন এবং তা' গোটা দেশের সাধারণ মানুষের গান হয়ে উঠেছিল বলেও রাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেন।

( বাইট- 'বন্দে মাতরম )

**************************

জাতির জনক মহাত্মা গান্ধী, সংবিধান প্রণেতা বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকর সহ দেশনায়কদের নেতৃত্বে অসংখ্য ভারতীয় যেভাবে স্বাধীনতা আন্দলনে ঝাঁপিয়ে পড়েছিলেন, শ্রীমতী মুর্মু তার ভাষণে সেকথা'ও স্মরণ করেন।

এই প্রসঙ্গে আজ ১৪'ই আগস্ট, দেশভাগের বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস পালনের কথা উলেখ করে রাষ্ট্রপতি দেশ ভাগের সময় যে লক্ষ লক্ষ মানুষ হিংসা ও সংঘর্ষের শিকার হয়েছিলেন, তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

( বাইট- দেশভাগ )

ভারতীয় সংবিধানকে দেশের মূল ভিত্তি হিসেবে উল্লেখ করে তিনি বলেন, ঐক্য, সমমর্যাদা, সমান সুযোগ এবং প্রত্যেক ব্যক্তির স্বতন্ত্র মর্যাদাই হল- সংবিধানের প্রকৃত আদর্শ। বর্তমান ভারতবর্ষ'ও সেই আদর্শ থেকে বিচ্যুত হবেনা বলে প্রত্যয় ব্যক্ত করেন রাষ্ট্রপতি।

দ্রৌপদী মুর্মু 'প্রধানমন্ত্রী জনধন যোজনা', 'আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা', 'কিষাণ সম্মান নিধি', 'কিষাণ ক্রেডিট কার্ড' সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কথা'ও তাঁর ভাষণে তুলে ধরেন।

রাষ্ট্রপতি বলেন, জাতীয় স্বার্থ, বৈদেশিক নীতির ভিত্তি। তবে এই নীতির মূল স্তম্ভ হল- শান্তি, সহযোগিতা, আলোচনা এবং 'বসুধৈব কুটুম্বকম'-এর আদর্শ ।

আত্মনির্ভর ভারত অভিযান, দেশের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত এবং জাতীয় স্বার্থকে সুরক্ষিত করেছে বলে রাষ্ট্রপতি জানান। দেশের এই বিকাশে, যুবসমাজ ও মহিলারা যে উল্লেখযোগ্য অবদান রেখেছেন, সেকথাও তাঁর ভাষণে উঠে আসে। ছাত্র-ছাত্রীদের ভারতের ভবিষ্যতের মূল স্থপতি হিসেবে উল্লেখ করে ড্রোন দিদি, লাখোপতি দিদি এবং ১০ কোটির'ও বেশী স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের ভূমিকাকেও কুর্নিশ জানান তিনি।

***************************

৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর ভাষণের বাংলা অনুবাদ আজ সম্প্রচার করা হবে রাত সাড়ে ৯’ টায়। আকাশবাণী নিজ নিজ আঞ্চলিক চ্যানেলে রাষ্ট্রপতির এই ভাষণ সম্প্রচার করবে।

এর প্রেক্ষিতে আজ আকাশবাণী কলকাতার সন্ধে ৭.৩৫ মিনিটের জাতীয় সংবাদ রাত ৮-টায় সম্প্রচারিত হবে। সন্ধে ৮ টা ও রাত ৯ -টার FM হেডলাইন্স এবং রাত ৮.১০-এর খেলার খবর বাতিল থাকছে।

*****************************

৮০-তম স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যসরকার আগামীকাল একাধিক কর্মসূচির আয়োজন করেছে। চিরাচরিত প্রথা মেনে সকালে ব্যারাকপুরের গান্ধিঘাটে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে মহাত্মা গান্ধীর স্মৃতিস্তম্ভে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করবেন রাজ্যপাল আর এন রবি। তাঁর সঙ্গে উপস্থিত থাকবেন শ্রম ও পরিবহণমন্ত্রী অর্জুন সিংহ।

সকাল ৯টা ৩০ মিনিটে রেড রোডে হবে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কুচকাওয়াজ, গার্ড অব অনার-সহ একাধিক কর্মসূচি অনুষ্ঠিত হবে।

৮০-তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল সুন্দরবন যাবেন।
কলকাতার রেড রোডে সরকারি অনুষ্ঠান শেষে হেলিকপ্টারে তিনি সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের আওতাধীন ঝিলা ফরেস্ট ক্যাম্প-এ পৌঁছবেন। এরপর গোসাবার গোসাবা কিষান মান্ডি প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন তিনি।

*****************************

কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আজ ‘হর ঘর তিরঙ্গা’ কর্মসূচী পালন করা হয়। কলকাতায় উপভোক্তা দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন স্কুলের প্রায় ১৫ শো ছাত্র ছাত্রী নিয়ে একটি বিশাল মিছিল নিউ মার্কেট অঞ্চল প্রদক্ষিণ করে। দপ্তরের মন্ত্রী ইন্দ্রনীল খাঁ ও

মিছিলে যোগ দেন। বিভিন্ন জেলা থেকেও আজ স্বাধীনতা দিবসের প্রাক্কালে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*****************************

দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ এরাজ্যেও 'পার্টিশন হরর রিমেমব্র্যান্স ডে' বা 'দেশভাগের বিভীষিকা স্মরণ দিবস' পালন করা হচ্ছে।

এই উপলক্ষ্যে নিউটাউনের কনভেনশন সেন্টারে এক প্রদর্শনীর উদ্বোধন করেন বিদ্যালয় শিক্ষামন্ত্রী দীপক বর্মন। সব জেলাতেই আজ সন্ধ্যায় সরকারি আধিকারিক, পড়ুয়া, শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন ও সাধারণ মানুষের উপস্থিতিতে মোমবাতি মিছিলের আয়োজন করা হয়েছে। এই মিছিলের পাশাপাশি দেশ ভাগের ইতিহাস নিয়ে প্রদর্শনী ও তথ্যচিত্র প্রদর্শনের'ও আয়োজন করা হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, দেশ ভাগের বিভীষিকা থেকে শিক্ষা নিয়ে আমাদের সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে। তিনি আজ শিয়ালদায় এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

( বাইট- শুভেন্দু )

*****************************

দেশ ভাগের জন্য মানুষের যে কষ্ট দুঃখ হয়েছিল তা কখনোই ভোলার নয় বলে পুর নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল মন্তব্য করেছেন। কেন্দ্রীয় সরকারের ইন্দিরা গান্ধী ন্যাশনাল সেন্টার ফর দ্য আর্টস ( IGNCA) এবং পূর্ব রেলের শিয়ালদা বিভাগের সহযোগিতায় ১৯৪৭ এর দেশ বিভাজনের শিকার ও বেঁচে যাওয়া মানুষদের সম্মান জানাতে শিয়ালদা স্টেশনে একটি স্মৃতি স্তম্ভ স্থাপনের কাজের সূচনায় তিনি এই মন্তব্য করেন। তিনি বলেন, এগিয়ে চললেও দেশ ভাগের সেই বিভীষিকার কথা সব সময় মনে রাখতে হবে।

( বাইট- অগ্নিমিত্রা )

*****************************

রাজ্য সরকারের কন্যারত্ন প্রকল্পের আওতায় মেয়েদের পড়াশোনার জন্য আর্থিক সহায়তার পরিমাণ দ্বিগুণ করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন ।

কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে আজ ‘কন্যারত্ন দিবস’ উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি বলেন, আগামী অর্থবর্ষ থেকে ১৩ থেকে ১৮ বছরের ছাত্রীরা ২০০০ টাকা করে বাৎসরিক এই আর্থিক সহায়তা পাবে। বর্তমান ব্যবস্থা অনুযায়ী রাজ্যে এ বছর মোট কুড়ি লক্ষ ১৩ হাজার ছাত্রীর ব্যাংক একাউন্টে ১০০০ টাকা করে পাঠানো শুরু হয়ে গেছে। এরমধ্যে ১০ লক্ষ ১৩ হাজার ছাত্রী আজ এই টাকা পেয়ে গেছেন। এছাড়াও এক লক্ষ ২৯ হাজার জন পেয়েছে ২৫ হাজার টাকা করে যার পরিমাণ 400 কোটি টাকা।

মুখ্যমন্ত্রী আরও বলেন, উচ্চশিক্ষা ক্ষেত্রে মাঝপথে কারো পড়াশোনা বন্ধ হয়ে গেলে তাদের জন্য রাজ্য সরকার ৫০,০০০(পঞ্চাশ হাজার)টাকা পর্যন্ত আর্থিক সহায়তা দেবে।

******************************

১৬ই আগস্ট থেকে রাজ্যে শুরু হতে চলেছে আয়ুষ্মান ভারত প্রকল্প। রাজ্যের আনুমানিক দেড় কোটি পরিবার বিশ্বের সর্ববৃহৎ এই স্বাস্থ্য বীমা প্রকল্পের সঙ্গে যুক্ত হতে চলেছে।

বর্তমান সরকারের স্বাস্থ্যসাথী প্রকল্প আপাতত চালু থাকবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়।

******************************

উত্তর ২৪ পরগণার পানিহাটির প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষকে ৮ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। পরিবারের সদস্যদের না জানিয়ে অভয়ার দেহ তড়িঘড়ি সৎকারের অভিযোগে গতকাল ওড়িশার একটি হোটেল থেকে তাকে গ্রেপ্তার করা হয়। এদিকে একই অভিযোগে ধৃত সঞ্জীব মুখার্জীকেও ১৫ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন ব্যারাকপুর আদালত। সাত দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।

******************************************************************************